4 920239222503803 6

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং- ৩৮.০০.০০০০.০০৭.০৮.০০১.২০-**৯১**

তারিখ ১৪ বৈশাখ ১৪৩১ / ২৭ এপ্রিল ২০২৪

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণী কার্যক্রম পরিচালনা।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান তাপদাহের কারণে কোমলমতি শিশুদের স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়, শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় এবং উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরিচালিত লার্নিং সেন্টারসমূহের শ্রেণি কার্যক্রম চালুর বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হলো:

ক) আগামী ২৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ রবিবার হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণী কার্যক্রম চলমান থাকবে;

খ) এক শিফটে পরিচালিত বিদ্যালয়সমূহ প্রতিদিন সকাল ০৮ ঘটিকা থেকে ১১:৩০ পর্যন্ত চলবে;

গ) দুই শিফটে পরিচালিত বিদ্যালয়সমূহ ১ম শিফট সকাল ০৮ ঘটিকা থেকে ০৯:৩০ ঘটিকা এবং দ্বিতীয় শিফট ০৯:৪৫ ঘটিকা থেকে ১১:৩০ ঘটিকা পর্যন্ত চলমান থাকবে;

ঘ) তাপদাহ সহনীয় পর্যায়ে না আসা পর্যন্ত অ্যাসেম্বলি বন্ধ থাকবে;

ঙ) উপজেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্টদের নিয়ে শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে প্রেরিত রুটিন বিবেচনায় নিয়ে উপজেলা ভিত্তিক শ্রেণী কার্যক্রম পরিচালনার জন্য সাপ্তাহিক রুটিন প্রণয়ন করবেন;

চ) প্রাক-প্রাথমিক শ্রেণির কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ থাকবে।

০২। এমতাবস্থায়, তাপদাহ স্বাভাবিক পর্যায়ে আসার পূর্বপর্যন্ত এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত উল্লিখিত সিদ্ধান্ত বলবৎ থাকবে। বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Kahar
২৭.০৪.২০২৪

আক্তারুন্নাহার
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
email: dssch1@mopme.gov.bd

বিতরণ (কার্যার্থে):

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার (সকল)।
৩. জেলা প্রশাসক (সকল)।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৭. জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।

জেলা প্রশাসকের কার্যালয় জয়পুরহাট
পত্র প্রাপ্তি নং ৬৬
তারিখ ২৮/০৪/২৪
☐সর্বোচ্চ অগ্রাধিকার ☐অতীব জরুরী ☐জরুরী রুটিন
☐ ডিডি এলজি ☐ পেশ করুন
☐ অজেপ্র (সাঃ) ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ অজেপ্র (রাঃ) ☐ আলোচনা করুন
☐ অজেম্যাজিঃ ☐ ফাইলে রাখুন
☐ সিএ ☐ নথিজাত করুন
জেলা প্রশাসক